গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd-

নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.৯৫২

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ / ১২ এপ্রিল ২০২৬

প্রেরক: মো. মতিউর রহমান
উপসচিব (বাজেট-১)

প্রাপকঃ চীফ একাউন্টস ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি **২০২৫-২৬** অর্থবছরে জেলা ও দায়রা আদালত নওগাঁ ও পাবনা -কে "৩২১১১৩১- আউটসোর্সিং"খাতে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৫-২৬ অর্থবছরে আইন ও বিচার বিভাগ এর '১২১০৪০২০০০০০০'- জেলা ও দায়রা জজ আদালতসমূহ"এর কোডের অধীন জেলা ও দায়রা জজ আদালত, নওগাঁ ও পাবনা- কে "৩২১১১৩১-আউটসোর্সিং" খাতে (পণ্য ও সেবা খাত) চাহিদা পত্রের প্রেক্ষিতে বকেয়া, আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আলোকে ছকে উল্লিখিত আদালতসমূহে সেবা মূল্য পরিশোধ করার জন্য শর্ত প্রতিপালন সাপেক্ষে অর্থ ছাড়করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

১। (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;

(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা- ৩ এর স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১.১৭৮, তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ এর পরিপত্র অনুসরণ করতে হবে;

(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;

(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;

(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;

(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;

(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

| ক্রমিক নং | আদালতের নাম | ৩২১১১৩১-আউটসোর্সিং খাতে ছাড়ের জন্য প্রস্তাবিত অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১. | জেলা ও দায়রা আদালত, নওগাঁ | ২,৪৩,০০০/- |
| ২. | জেলা ও দায়রা আদালত, পাবনা | ১,৮৩,৭০০/- |

(মো. মতিউর রহমান)
উপসচিব(বাজেট-১)
ফোনঃ ৯৫৪০০০৯(অ)
lawjusticediv.budget@gmail.com

নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.৯৫২

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ / ১২ এপ্রিল ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা ও দায়রা জজ, নওগাঁ ও পাবনা (আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো)।
২। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার এন্ড ফিন্যান্স অফিসার, নওগাঁ ও পাবনা ।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। অফিস কপি/ গার্ড ফাইল।

১২.০৪.২০২৬
(মো. মতিউর রহমান)
উপসচিব (বাজেট-১)